রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিছানা ছিল চামড়ার তৈরি এবং তার ভেতরে ছিল খেজুরের ছাল

উম্মুল মু’মিনীন ‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিছানা ছিল চামড়ার তৈরি এবং তার ভেতরে ছিল
খেজুরের ছাল। আর মুসলিমের বর্ণনা হল, যে বালিশের উপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম হেলান দিতেন সেটি ছিল চর্মের। এর অভ্যন্তরে খেজুর গাছের ছাল ছিল। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

উম্মুল মু’মিনীন আয়েশা রাদিয়াল্লাহু আনহা জানিয়েছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেই বিছানায় শুতেন, তা চামড়ার তৈরি ছিল এবং তাতে খেজুরের আঁশ ভর্তি ছিল। তেমনি তাঁর বালিশ, যার উপর তিনি সপে থাকতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65820